মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পরীক্ষা/উমাঃ/২০২৬/১২২১

তারিখ ১০ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষা ২০২৬ এর ফরম পূরণের সময় বর্ধিতকরণের

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার ফরম পূরণ আগামী ২৬/১১/২০২৬খ্রি. থেকে ২৭/১১/২০২৬খ্রি. পর্যন্ত বর্ধিত করা হলো এবং "সোনালী সেবার" মাধ্যমে ফি পরিশোধের সর্বশেষ তারিখ ২৯/১১/২০২৬খ্রি. নির্ধারণ করা হলো।

২। উল্লেখ্য, ২৩/১১/২০২৬খ্রি. উত্তরপত্র পুনঃনিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের ফলাফল প্রকাশের পর যে সকল পরীক্ষার্থী এখনও এক বা দুই বিষয়ে অকৃতকার্য রয়েছে সেসকল পরীক্ষার্থী এবং পূর্বে ফরম পূরণ করতে পারেনি এমন পরীক্ষার্থী (যারা এক বা দুই বিষয়ে অকৃতকার্য) উরোক্ত সময়ের মধ্যে ফরম পূরণ করতে পারবে।

৩। উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের ফরম পূরণের কাজ সম্পন্ন করবেন।

৪। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির সিদ্ধান্ত মোতাবেক এ আদেশ জারি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৫/১১/২৬

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৫. অফিস কপি।

CamScanner